সমকাল

# পহেলা ফাল্গুন ও ভালোবাসা দিবস ঘিরে উত্তরা ইউনিভার্সিটিতে বর্ণিল উৎসব

অনলাইন ডেস্ক

প্রকাশ: ১৫ ফেব্রুয়ারি ২০২৪ | ১২:১৪



উত্তরা ইউনিভার্সিটিতে গত ১৩ ও ১৪ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হলো পহেলা ফাল্গুন ও ভালবাসা দিবস উপলক্ষে এক বর্ণিল উৎসব। উত্তরা ইউনিভার্সিটি স্টুডেন্ট অ্যাফেয়ার্সের অধীনস্থ হেরিটেজ ক্লাবের উদ্যোগে দু'দিন ব্যাপী এই উৎসব পরিচালিত হয়।

১৩ ফেব্রুয়ারি সকাল ১০টায় এই বর্ণিল উৎসবের শুভ উদ্বোধন করেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা ও উপ-উপাচার্য অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী।

উৎসবের উদ্বোধনকালে উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা বলেন, বসন্ত এলে নতুন জীবনের আনন্দে মেতে ওঠে প্রকৃতি নিজেও। নতুন পাতা, ফুল, দখিনা বাতাস—এসবই যেন প্রকৃতির প্রেমের প্রকাশ। বসন্ত এসেই যেন নতুন করে সাজিয়ে তোলে এই বসুধাকে। একইরকম ভাবে সেজেছে আজ উত্তরা ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাস এবং ক্যাম্পাসের প্রাণ আমার প্রিয় শিক্ষার্থীরা। আমি চাই প্রকৃতির সঙ্গে সঙ্গে আমার প্রিয় শিক্ষার্থীদের মন-মানসিকতা প্রকৃতির মতোই নতুন সাজে সেজে সতেজ ও সুন্দর থাকুক সবসময়।

উৎসব উপলক্ষে উত্তরা ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাস প্রাঙ্গণকে সাজানো হয়েছে নানান রকমের বাহারি কারুকাজ ও বর্ণিল সাজে। দুই দিনব্যাপী নানান রকমের সঙ্গীত, পুতুল নাচ, নাগরদোলা, র‍্যাফেল ড্র  সহ বাংলার নানান ঐতিহ্যবাহী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে উত্তরা ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাসে। এই বর্ণিল আয়োজনে উত্তরা ইউনিভার্সিটিতে একই সঙ্গে আয়োজিত হয় জেসিআই ঢাকা সেন্ট্রালের অনটোপ্রনার অ্যাওয়ার্ড অ্যান্ড এক্সপোর সফট লঞ্চিং।

১৪ ফেব্রুয়ারি বিকেল ৫টায় উত্তরা ইউনিভার্সিটির স্টুডেন্ট অ্যাফেয়ার্সের ডিরেক্টর ও বাংলা বিভাগের চেয়ারম্যান সামজীর আহমেদের সমাপনী বক্তব্যের মধ্য দিয়ে শেষ হয় দুই দিনব্যাপী এই বর্ণিল উৎসব। সংবাদ বিজ্ঞপ্তি।